# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 03.06.2024 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) অষ্টাদশ লোকসভা নির্বাচনে বড় ধরনের কোন হিংসার ঘটনা ঘটেনি বলে, মুখ্য নির্বাচন কমিশনার জানিয়েছেন।

৬৪ কোটি ২০ লক্ষেরও বেশি ভোটদাতা এই নির্বাচনে গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করেছেন। যা এক বিশ্ব রেকর্ড।

২) দক্ষিণ ২৪ পরগনার মথুরাপুর ও উত্তর ২৪ পরগনার বারাসাত লোকসভা কেন্দ্রের একটি করে বুথে আজ পুনর্নির্বাচন হয়।

৩) লোকসভা নির্বাচন ৫৪২-টি আসনের ভোট গণনা আগামীকাল। এজন্য সমস্ত প্রস্তুতি সম্পন্ন।

এরাজ্যের ৪২-টি আসনের ভোট গণনা হবে ৫৫-টি কেন্দ্রে।

৪) লোকসভা নির্বাচনের ফলাফল যাই হোক না কেন, সব পক্ষকে শান্তি বজায় রাখতে আবেদন জানিয়েছেন রাজ্যপাল।

৫) বসিরহাটের বিজেপি প্রার্থীকে কলকাতা হাইকোর্ট ৫-ই জুলাই পর্যন্ত অন্তর্বর্তী রক্ষাকবচ দিয়েছে।

৬) জাতীয় মহিলা কমিশন সন্দেশখালির বিভিন্ন এলাকা পরিদর্শনের জন্য নির্বাচন কমিশনের অনুমতি চেয়েছে।

এদিকে, সন্দেশখালির আগারহাটিতে পুলিশের ওপর মহিলাদের চড়াও হওয়ার ঘটনায় ৭ বিজেপি কর্মী গ্রেফতার।

oooooooooooooooooooooo

অষ্টাদশ লোকসভা নির্বাচনে বড় কোনো হিংসার ঘটনা ঘটেনি বলে মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার জানিয়েছেন। নতুন দিল্লিতে আজ এক সাংবাদিক সম্মেলনে তিনি জানান, ঝাড়খন্ড, ছত্তিশগড়, ওড়িশা, মহারাষ্ট্রের মতো বাম চরমপন্থী প্রভাবিত এলাকা ছাড়াও পশ্চিমবঙ্গ, মনিপুর এবং জম্মু-কাশ্মীর সহ অন্য রাজ্য থেকে সেরকম কোনো অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি।

(বাইট- রাজীব কুমার/ ভায়োলেন্স)

২০২৪-এর লোকসভা নির্বাচনে ৩১ কোটি ২০ লক্ষের বেশি মহিলা তাঁদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করেছেন, যা বিশ্বের মধ্যে সর্বোচ্চ। বিশ্ব রেকর্ড গড়ে সার্বিকভাবে ৬৪ কোটি ২০ লক্ষের বেশি ভোটার এই নির্বাচনে অংশ নিয়েছেন।

বিশ্বের বৃহত্তম নির্বাচনের গণনা প্রক্রিয়ার বিষয়ে মুখ্য নির্বাচন কমিশনার জানান, গণনা কেন্দ্রে কেন্দ্রীয় সশস্ত্র বাহিনীর ত্রিস্তরীয় নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে। মাইক্রো অবজার্ভারদের সঙ্গেই সর্বক্ষণ সিসিটিভির মাধ্যমে প্রতিটি গণনা টেবিলে নজর রাখা হবে।

এদিকে, দিল্লিতে আজ এসংক্রান্ত বৈঠকে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব ও অন্য আধিকারিকরা ভার্চুয়ালি উপস্থিত ছিলেন। গননা কেন্দ্রের নিরাপত্তা ব্যবস্থা ছাড়াও সামগ্রিক বিষয় নিয়ে বৈঠকে আলোচনা হয়।

oooooooooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগণার মথুরাপুর এবং উত্তর ২৪ পরগণার বারাসাত লোকসভা কেন্দ্রের একটি করে বুথে আজ পুনরায় ভোটগ্রহণ করা হয়।

মথুরাপুরের কাকদ্বীপ বিধানসভা কেন্দ্রের আড্ডিরমহল শ্রী চৈতন্য বিদ্যাপীঠের ২৬ নম্বর বুথে সন্ধে ৬ টা পর্যন্ত ভোট পড়েছে ৮০ দশমিক চার / ছয় শতাংশ।

অন্যদিকে বারাসাতের দেগঙ্গা বিধানসভার কেন্দ্রের কদম্বগাছি সর্দার পাড়ার ৬১ নম্বর বুথে শেষ খবর পাওয়া পর্যন্ত ৫৮ শতাংশের বেশি ভোট পড়েছে। ছাপ্পা ভোট ও রিগিং-এর অভিযোগে এই পুনর্নির্বাচনের সিদ্ধান্ত নেওয়া হয়।

এদিকে, সপ্তম দফায় গত শনিবার এরাজ্যের যে ৯ টি আসনে ভোট নেওয়া হয়, তাতে গড়ে ৭৬ দশমিক ৮/০ শতাংশ ভোট পড়েছে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। সবচেয়ে বেশি ৮৪ দশমিক ৩/১ শতাংশ ভোট পড়েছে বসিরহাট কেন্দ্রে। কলকাতা উত্তরে ভোট পড়েছে সবচেয়ে কম ৬৩ দশমিক ৫/৯ শতাংশ।

মথুরাপুরে ৮২, ডায়মন্ডহারবারে ৮১, বারাসাত ও জয়নগরে ৮০ শতাংশের বেশি, যাদবপুরে ৭৬ দশমিক ৬/৮, দমদমে প্রায় ৭৪ এবং কলকাতা দক্ষিণে ৬৭ শতাংশের মত ভোট পড়েছে।

oooooooooooooooooooooooooo

অষ্টাদশ লোকসভা নির্বাচনে ৫৪২-টি আসনে ভোট গণনা আগামীকাল। একই সঙ্গে হবে অন্ধ্রপ্রদেশ ও ওড়িশা বিধানসভা নির্বাচনের ভোট গণণা।

সাত দফার ভোটে বিভিন্ন রাজ্যের বিধানসভা আসনে উপনির্বাচনের ভোট গোনাও হবে আগামীকাল। এজন্য সমস্ত প্রস্তুতি সম্পূর্ণ।

গণনার গতিপ্রিকৃতি ও ফলাফল এবং তার বিশ্লেষণ আকাশবানী সংবাদ সম্প্রচার করবে সকাল ৭টা থেকে রাত ১০টা পর্যন্ত।

(প্রোমো)

আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগও ভোট গণনা ও ফলাফল নিয়ে আগামীকাল সম্প্রচার করবে বিশেষ অনুষ্ঠান- 'জনমত ২০২৪ : কি বলছে ভোটের ফল'!

শোনা যাবে সকাল দশটা থেকে বিকেল চারটে পর্যন্ত গীতাঞ্জলি প্রচার তরঙ্গে ও DTH পরিষেবায় এবং আমাদের সোশ্যাল মিডিয়া পেজে।

হাজির থাকবেন সাংবাদিক, রাষ্ট্রবিজ্ঞানী, অর্থনীতিবিদ, সমাজতাত্বিক এবং বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিরা। আলোচনার ফাঁকেই শুনবেন নিয়মিত সংবাদ। আগামীকালও কয়েকটি বুলেটিনের সময়সীমা বাড়ছে। দুপুর ১.৪০ এবং ৫-টা ১০-এর সংবাদের সময়সীমা হবে ১০ মিনিটের, এবং সন্ধে ৭.৫০, ১৫- মিনিটের।

৬.১০ মিনিটের সাঁওতালী সংবাদের পাশাপাশি বেলা ১.৫০ মিনিটে একটি বিশেষ সাঁওতালী সংবাদ সম্প্রচারিত হবে। দুটির-ই সময়সীমা হবে ১০ মিনিটের।

এছাড়া রাত আটটা পাঁচ থেকে ন'টা পর্যন্ত শুনবেন বিশেষ আলোচনা, 'জনতার রায়'।

ooooooooooooooooooooooooo

এদিকে, ত্রিস্তরীয় নিরাপত্তার মধ্যে আগামীকাল রাজ্যের ৪২টি কেন্দ্রের ভোট গননার জন্যে সব ধরনের নিরাপত্তা ব্যবস্থা গ্রহন করা হয়েছে। ৫৫টি গননা কেন্দ্রের স্ট্রং রুমে রাখা ইভিএম ও ভিভি প্যাট মেশিন পাহারা

দেওয়ার জন্যে প্রতিটি কেন্দ্রে এক প্লাটুন করে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন রাখা হয়েছে। সকাল ৮ টায় গননা শুরুর পর প্রথমেই পোস্টাল ব্যালট গোনা হবে। এরপর হোম ভোটিং এর ব্যালট গোনা সম্পন্ন হলে শুরু হবে ইভিএমের গননার কাজ। মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব আজ এক সাংবাদিক বৈঠকে বলেন, কমিশনের গাইডলাইন মেনে ত্রিস্তরীয় নিরাপত্তার প্রথম স্তরে একজন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সহ রাজ্য বা কলকাতা পুলিশ, দ্বিতীয় স্তরে কলকাতা বা রাজ্য পুলিশের সশস্ত্র বাহিনী এবং তৃতীয় স্তরে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন থাকবে। গননা সম্পর্কে আরিজ আফতাব জানান,

(বাইট- আরিজ আফতাব)

এদিকে গণনার নিরাপত্তা ও নির্বাচন পরবর্তী হিংসা ঠেকাতে কি ধরনের পদক্ষেপ নেওয়া হয়েছে তা নিয়েও নির্বাচন কমিশন আজ বৈঠক করে। বিভিন্ন এলাকায় কেন্দ্রীয় বাহিনীকে মোতায়েন রাখার কথা বলা হয়েছে। গননা কেন্দ্রের একশো মিটারের মধ্যে কঠোর ভাবে ১৪৪ ধারা জারি করার কথা বলা হয়েছে। শিক্ষক, অশিক্ষক কর্মী ছাড়াও সরকারি ও আধা সরকারি সংস্থার সঙ্গে যুক্ত কোন ধরনের কর্মীকে গননার এজেন্ট হিসাবে যেন ব্যবহার না করা হয় সেই নির্দেশ মেনে চলার কথা বলা হয়েছে।

oooooooooooooooooooooooo

কলকাতা হাইকোর্ট, ভোটগণনার টেবিলে যাতে কোনো অস্থায়ী কর্মী না থাকে তা নির্বাচন কমিশনকে নিশ্চিত করতে বলেছে। বিচারপতি অমৃতা সিনহা জানিয়েছেন, গণনাকেন্দ্রের টেবিলে পার্শ্বশিক্ষক, অঙ্গনওয়ারি কর্মী, সিভিক ভলান্টিয়ার বা এধরনের কোনও অস্থায়ী কর্মীকে রাখা যাবে না।

গণনাকেন্দ্রে কর্মী নিয়োগের ক্ষেত্রে নির্বাচন কমিশনের নির্দেশিকা মেনে চলতে হবে।

উল্লেখ্য, হাওড়া ও বালি পুরসভার গননাকেন্দ্রে চুক্তিভিত্তিক কর্মীদের গণনার কাজে নিয়োগ করা হয়েছে বলে অভিযোগ তুলে হাই কোর্টে মামলা দায়ের করে বিজেপি। কোনও থাকবে না। তা বলল । সোমবার সিংহের নির্দেশ,

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি আগামীকাল ভোট গণনার দিনে অস্থায়ী ও চুক্তিভিত্তিক কর্মীদের নিয়োগ বন্ধের দাবি জানিয়েছে। দলের নেতা শিশির বাজোরিয়া আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাবকে লেখা এক চিঠিতে অভিযোগ করেন,নির্বাচন কমিশনের নির্দেশিকা থাকা সত্ত্বেও তা অমান্য করে বেশ কিছু লোকসভা কেন্দ্রে ে ধরনের কর্মীদের ভোটের কাজে ব্যবহার করা হয়েছে। তাই গণনার দিন কমিশনের এই নির্দেশিকা সঠিকভাবে পালন করার জন্য শ্রী বাজোরিয়া দাবি জানান। পাশাপাশি লোকসভা কেন্দ্রগুলিতে স্থানীয় প্রশাসনের কর্মীদের নিয়োগ না করারও দাবি জানানো হয়েছে।

অন্যদিকে মালদা দক্ষিণের বিজেপি প্রার্থী , বিধায়ক শ্রীরূপা মিত্র চৌধুরী নির্বাচন কমিশনকে লেখা চিঠিতে জানিয়েছেন,তার কেন্দ্রে গণনার কাজে বহু সংখ্যক অস্থায়ী ও চুক্তিভিত্তিক কর্মী নিয়োগ করা হয়েছে। তিনি সেই কর্মীদের নাম ও ফোন নম্বরের তালিকা কমিশনের কাছে পাঠিয়েছেন।

এদিকে লোকসভা ভোটে রাজ্যে বাম কংগ্রেস জোট ভালো ফল করবে এবং বাম কংগ্রেস জোটের ভোটের হারও অনেকটাই বাড়বে বলে প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী আশা প্রকাশ করেছেন।

সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, শুরুতে রাজ্যে নিবার্চন নিয়ে আলোচনা ছিল দ্বিমুখী, একদিকে বিজেপি, অন্যদিকে তৃণমূল কংগ্রেস। এর পর বাম কংগ্রেস শক্তি বৃদ্ধি করাতে নির্বাচন ত্রিমুখী হতে শুরু করলো। বাম কংগ্রেস এর কাছে যা বড় জয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভা নির্বাচনে পশ্চিমবঙ্গের ৪২-টি আসনের গণনা পর্বে যে কোন ধরনের কারচুপি বন্ধ করা এবং ভোট লুঠ ঠেকানোর দাবি নিয়ে সি পি আই এম আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দ্বারস্থ হয়েছে। দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিমের নেতৃত্বে পশ্চিমবঙ্গের সি পি আই এম প্রার্থীরা মুখ্য নির্বাচনী আধিকারিক ডক্টর আরিজ আফতাবের সঙ্গে সাক্ষাৎ করেন।

অন্যদের মধ্যে ছিলেন, সুজন চক্রবর্তী, সৃজন ভট্টাচার্য, সায়রা শা হালিম, তন্ময় ভট্টাচার্য, দীপ্সিতা ধর, সোনামনি টুডু , সব্যসাচী চ্যাটার্জী, সায়ন ব্যানার্জী, নিরাপদ সর্দার, দেবদূত ঘোষ প্রমুখ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভা নির্বাচনের ফল ঘোষণার পর ফলাফল যাই হোক না কেন সব পক্ষকে শান্তি বজায় রাখতে রাজ্যপাল সিভি আনন্দ বোস আবেদন জানিয়েছেন। আজ এক ভিডিও বার্তায় তিনি বলেন, ভোটের ফলাফল যাই হোক না কেন, জনগণের রায়কে সম্মান দিতে হবে। এই পরিস্থিতির সুযোগ নিয়ে দুষ্কৃতীরা যাতে হিংসা ছড়াতে না পারে সেদিকে সকলকে নজর রাখতে হবে।

এসংক্রান্ত যেকোনো অভিযোগের জবাব দিতে রাজভবনের পিস রুম খোলা থাকবে বলে রাজ্যপাল জানান।

তিনি নিজেও সামগ্রিক পরিস্থিতির উপর নজর রাখবেন।

( বাইট – রাজ্যপাল)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বসিরহাটের বিজেপি প্রার্থী রেখা পাত্রের বিরুদ্ধে পুলিশ কোনও পদক্ষেপ করতে পারবে না বলে কলকাতা হাইকোর্ট আজ নির্দেশ দিয়েছে। বিচারপতি অমৃতা সিনহা আগামী ৫ জুলাই পর্যন্ত তাঁকে অন্তর্বর্তী রক্ষাকবচের নির্দেশ দিয়েছেন।

আগামী ১৯ জুন  মামলার পরবর্তী শুনানি ।

উল্লেখ্য এর আগে হাইকোর্ট নির্দেশ দিয়েছিল, আগামী ১৪ জুন পর্যন্ত রেখার বিরুদ্ধে হওয়া এফআইআরের ভিত্তিতে কোনও কড়া পদক্ষেপ নেওয়া যাবে না।

আদালতে আজ  শুনানির সময় ভোট গণনার আগেই রেখার বিরুদ্ধে পুলিশ কড়া পদক্ষেপ করতে পারে এই  আশঙ্কা প্রকাশ করে তাঁর আইনজীবী দাবি করেন,  তাঁর মক্কেলের বিরুদ্ধে এমন কিছু অভিযোগ দেওয়া হয়েছে যাতে ১০ বছর পর্যন্ত জেল হতে পারে। যদিও মিথ্যে অভিযোগের দাবি উড়িয়ে দিয়েছেন সরকারি আইনজীবী।  ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

জাতীয় মহিলা কমিশন, মহিলাদের উপর আক্রমণের ঘটনায় সন্দেশখালি সহ বিভিন্ন এলাকা পরিদর্শনের জন্য নির্বাচন কমিশনের অনুমতি চেয়েছে। কমিশনের চেয়ারপার্সন রেখা শর্মা আজ মুখ্য নির্বাচন কমিশনারের কাছে লেখা এক চিঠিতে অভিযোগ করেন, ভোট পরবর্তী হিংসায় সন্দেশখালি সহ রাজ্যের বিভিন্ন প্রান্তে মহিলাদের উপর অত্যাচার ও পুলিশের নৃশংসতা শুরু

হয়েছে। তাই তার নেতৃত্বে মহিলা কমিশনের এক প্রতিনিধি দল সন্দেশখালি সহ উপদ্রুত বিভিন্ন এলাকা পরিদর্শন ও এব্যাপারে তদন্ত করতে চায় বলে শ্রীমতি শর্মা জানিয়েছেন। সন্দেশখালির পরিস্থিতি স্বতঃপ্রণোদিতভাব বিবেচনা করে হিংসা প্রবণ এলাকা পরিদর্শনের অনুমতি দেওয়ার জন্য শ্রীমতি শর্মা মুখ্য নির্বাচন কমিশনারের কাছে আর্জি জানিয়েছেন।

অন্যদিকে, বিজেপি রাজ্য সম্পাদক, আইনজীবী প্রিয়াঙ্কা টিব্রেওয়াল সন্দেশখালিতে কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বা সি আর পিএফ নিয়োগের জন্য সিবিআই প্রধানের কাছে চিঠি লিখে আর্জি জানিয়েছেন।

oooooooooooooooooooo

সন্দেশখালির আগারহাটিতে পুলিশের ওপর মহিলাদের চড়াও হওয়ার ঘটনায় পুলিশ, ৭ বিজেপি কর্মীকে গ্রেফতার করেছে। তাদের আজ বসিরহাট আদালতে তোলা হয়।

বিজেপি মহিলা মোর্চার রাজ্য সভানেত্রী ফাল্গুনী পাত্র আজ বেড়মজুরে গিয়ে মহিলাদের সঙ্গে কথা বলেন। তাঁদের পাশে থাকার আশ্বাস দেন তিনি। রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করতে বেছে বেছে বিজেপি কর্মীদের বিনা দোষে গ্রেফতার করা হচ্ছে এবং সন্দেশখালির মহিলাদের স্বতঃস্ফূর্ত বিক্ষোভ খর্ব করার চেষ্টা হচ্ছে বলেও তাঁর অভিযোগ।

oooooooooooooooooooooo

বীরভূমের দুবরাজপুর থানার লোবা পঞ্চায়েত এলাকার বড়ারি গ্রাম সংলগ্ন অজয় নদীর পাড় থেকে পুলিশ প্রায় ২৫ টি তাজা বোমা উদ্ধার করেছে। পুলিশ সূত্রে খবর, বোমাগুলি একটি থলিতে ভরে মাটিতে গর্ত করে

রাখা ছিল। ডেকে পাঠানো হয় সিআইডির বোম ডিসপোজাল স্কোয়াডকে। কে বা কারা সেগুলি রেখেছে তা খতিয়ে দেখছে পুলিশ।

oooooooooooooooooooooo

উত্তর কলকাতার চিৎপুর থানা এলাকায় ঘরে ঢুকে দুই বোনের শ্লীলতাহানির চেষ্টার অভিযোগে ধৃত CRPF-এর জওয়ান নিরঞ্জন প্রধান কে আজ শিয়ালদহ আদালতে তোলা হয়। তাঁকে সাতই জুন পর্যন্ত পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

উল্লেখ্য, বারুইপুরে ভোটের ডিউটি সেরে উত্তরপ্রদেশগামী স্পেশাল ট্রেন ধরার জন্য সিআরপিএফ-র দলটি কলকাতা স্টেশনের দিকে যাচ্ছিল। গতকাল রাত দুটো নাগাদ ঐ দলেরই জওয়ান নিরঞ্জন প্রধান, রাস্তার পাশে একটি বাড়ির দরজা খোলা পেয়ে ভেতরে ঢুকে ঘুমিয়ে থাকা দুই বোনের শ্লীলতাহানির চেষ্টা করেন বলে অভিযোগ। তাদের চিৎকারে আশপাশের লোকজন ছুটে এসে ধরে ফেলে ঐ জওয়ানকে। তারপর তাকে পুলিশের হাতে তুলে দেওয়া হয়।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooo